



# বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

Bangabandhu Sheikh Mujib Medical University

শাহবাগ, ঢাকা, বাংলাদেশ।

নং- বিএসএমএমইউ/২০১৫/৪২৪৬

তারিখ: ০৬/০৪/২০১৫ খ্রি:

## অফিস আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জারিকৃত আদেশ (স্মারক নং-স্বাপকম/হাস-০৩/বিবিধ-১০(৪)/২০০২/৪৪ তারিখঃ ২৮/০১/২০১৪) এর আলোকে গত ১০/০২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৫৬তম সভায় বিশ্ববিদ্যালয়ে বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান সংক্রান্ত 'বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের বিনামূল্যে চিকিৎসা সংক্রান্ত নীতিমালা' অনুমোদিত হয়েছে।

বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গকে সাধারণভাবে সকল চিকিৎসার পরামর্শ (Consultation) ও আনুষঙ্গিক চিকিৎসা ব্যবস্থা এই বিশ্ববিদ্যালয়ের সংযুক্ত হাসপাতাল থেকে বিনামূল্যে প্রদান করা হবে। অনুমোদিত নীতিমালা অনুযায়ী বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গ নিম্নোক্ত প্রক্রিয়ায় বিশ্ববিদ্যালয়ে সংযুক্ত হাসপাতালে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রাপ্য হবেন:

- বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের চিকিৎসা প্রাপ্তি সহজীকরণ করার জন্য 'বীর মুক্তিযোদ্ধা চিকিৎসা সেবা' থেকে বিনামূল্যে টিকেট এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হবে।
- বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের চিকিৎসার জন্য বহির্বিভাগ হতে প্রদানকৃত প্রেসক্রিপশনের এবং জরুরি রোগীদের জন্য প্রদানকৃত প্রেসক্রিপশনের ঔষধসমূহের মধ্যে যেসব ঔষধ হাসপাতালে সরবরাহ আছে তা প্রদান করা হবে। এছাড়া অত্যাবশ্যকীয় দারী ঔষধ যা হাসপাতালে সরবরাহ নেই তা যে সকল বীর মুক্তিযোদ্ধাগণ/ তাদের পরিবারবর্গ আর্থিক অসচ্ছলতার কারণে ক্রয় করতে অক্ষম তাদেরকে 'বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের চিকিৎসার জন্য প্রাপ্ত অনুদান' হতে আবেদন সাপেক্ষে ঔষধগুলো আংশিক বা সম্পূর্ণ ক্রয় করে দেয়া হবে।
- বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের ক্যান্সার চিকিৎসার প্রয়োজন হলে সংশ্লিষ্ট বিভাগ হতে ক্যান্সার কেমোথেরাপির ঔষধের চাহিদা হাসপাতাল প্রশাসনে প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী সংশ্লিষ্টদের আবেদন সাপেক্ষে বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের জন্য প্রাপ্ত অনুদান হতে ঔষধপত্র ক্রয়ের জন্য একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ অনুদান প্রদান করা হবে।
- বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের চিকিৎসার জন্য সাধারণভাবে সকল ধরনের পরীক্ষা নিরীক্ষা বিনামূল্যে করা হবে। যে সকল পরীক্ষা-নিরীক্ষার চার্জ অত্যধিক এবং যে সকল পরীক্ষা বিনামূল্যে করা যায় না যেমন- সিটিস্ক্যান, এমআরআই, এনজিওগ্রাম, ইউরোগ্রাফি, ডিএনএ পরীক্ষা এবং যে সকল পরীক্ষার চার্জ পাঁচশত টাকার অধিক (রিএজেন্ট খরচ অত্যধিক) সে সকল পরীক্ষা ধনী গরীব সকল বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের জন্য বর্তমানে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত মূল্যের ৪০% খরচে করা হবে।
- বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের চিকিৎসার জন্য বিনামূল্যে বিশ্ববিদ্যালয়ের ২টি (১টি মহিলাদের জন্য এবং ১টি পুরুষদের জন্য) কেবিন সংরক্ষিত থাকবে। এছাড়া প্রতিটি বিভাগে ১টি বেড বীর মুক্তিযোদ্ধাগণ/ তাদের পরিবারবর্গের বিনামূল্যে চিকিৎসার জন্য নির্ধারিত থাকবে। এরপরও যদি কোন বেড বা কেবিন প্রয়োজন হয় সেক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গ অগ্রাধিকার ভিত্তিতে পাবেন তবে এই ক্ষেত্রে শুধু কেবিনের ভাড়া ৫০% হারে প্রদেয় হবে।
- বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের অপারেশনের প্রয়োজন হলে (মেজর ও মাইনর) তা বিশেষ বিবেচনায় বিনামূল্যে করা হবে। বড় ধরনের অপারেশনের ক্ষেত্রে (যেমন হার্টের বাইপাস সার্জারি ও কিডনী ট্রান্সপ্লান্ট অপারেশন) ৫০% খরচে করা হবে। এছাড়া পিত্তথলীর পাথর অপসারণ, কিডনীর পাথর অপসারণ, মস্তিষ্কের অপারেশন, টিহানোপ্লাস্টিক, অর্থোপেডিক সার্জারি ইত্যাদি অপারেশনের জন্য চিকিৎসা সরঞ্জামাদি ও ঔষধপত্র যা সরকারিভাবে সরবরাহ নাই সে ক্ষেত্রে উক্ত সরঞ্জামাদি ও ঔষধপত্রের একটি চাহিদা সংশ্লিষ্ট বিভাগ হতে হাসপাতাল প্রশাসনে প্রেরণ করতে হবে এবং সে অনুযায়ী বীর মুক্তিযোদ্ধাগণ/তাদের পরিবারবর্গের চিকিৎসার জন্য প্রাপ্ত অনুদান হতে আবেদন সাপেক্ষে উক্ত চিকিৎসা সরঞ্জামাদি ও ঔষধপত্রের আংশিক বা সম্পূর্ণ মূল্য প্রদান করা হবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

আদেশক্রমে

(অধ্যাপক মোঃ আসাদুল ইসলাম)

রেজিস্ট্রার (শিক্ষণিক দায়িত্বপ্রাপ্ত)